**পাকিস্তানের ওয়াঘাতে সন্ত্রাসবাদী হামলার কঠোরভাষায় নিন্দা করছে ভারত**

গতকাল সন্ধ্যায়(২ নভেম্বর ) পাকিস্তানের ওয়াঘাতে সন্ত্রাসবাদীরা নিরীহ নাগরিকদের উপর নির্বিচারে জঘণ্য হামলা চালানোর ঘটনায় ভারত কঠোরভাষায় নিন্দা করছে।

কোনো মহত রাজনৈতিক উদ্দেশ্য বা অসন্তোষ এই হামলার নেপথ্য যৌকতিকতা প্রমাণ করে না।আমরা বিস্বাস করি,কোনো ভেদাভেদ ছাড়াই যাবতীয় সন্ত্রাসবাদী গোষ্ঠীর বিরূদ্ধে কঠোরহাতে দমন ও সম্পূর্ণরূপে নিঃশেষ করাই এই সব অশুভ শকতির উ্চিত জবাব।

এই ঘটনার আকরান্ত সকলের প্রতি আমাদের গভীর সমবেদনা রইলো এবং তাঁদের বীরোচিত সাহস  সদ্য আকরান্তদের  অপূরণীয় ক্ষতি  সহন করতে পাববে।

**নয়াদিল্লি**

**৩ নভেম্বর ২০১৪**